দৈনিক ইত্তেফাক

তারিখ ... ... DEC. 22 1989 ...
পৃষ্ঠা ১০ কলাম ৪

30

# কুলাউড়া বালিকা উচ্চ বিদ্যালয়ে বিভিন্ন অনিয়মের অভিযোগ

কুলাউড়া সংবাদদাতা ॥ কুলাউড়া থানা সদরে অবস্থিত কুলাউড়া বালিকা উচ্চ বিদ্যালয়ে ব্যাপক অনিয়ম, দুর্নীতি ও অর্থ আত্মসাতসহ বিভিন্ন অনিয়মের অভিযোগ করা হইয়াছে। সম্প্রতি বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির নির্বাচিত সদস্য সৈয়দ জামাল উদ্দিন এক সাংবাদিক সম্মেলনে উপরোক্ত অভিযোগ করেন।

তিনি বলেন, বিদ্যালয়ের বিভিন্ন অনিয়মের বিরুদ্ধে ম্যানেজিং কমিটির সভায় বারবার অভিযোগ করার পরও কোন ব্যবস্থা গ্রহণ করা হয় নাই। তিনি বিদ্যালয়ে অনিয়ম ও দুর্নীতি প্রসংগে ১০টি বিষয় উত্থাপন করেন। সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের উত্তরে তিনি বলেন, বিদ্যালয় প্রধানের অসহযোগিতার কারণে বিদ্যালয়টির বিভিন্ন অনিয়ম বর্তমান ম্যানেজিং কমিটির পক্ষে দূর করা সম্ভব হয় নাই। তিনি বিদ্যালয়ের বিরুদ্ধে আনীত বিভিন্ন অভিযোগের নিরপেক্ষ তদন্ত দাবী করেন।

OF — SHEETS